২৫

DEC. 03 1999

তারিখ ... DEC 03 1999 ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ২ ...

দৈনিক জনকণ্ঠ

# ডিসেম্বর মানেই স্কুলে স্কুলে ভর্তি লড়াই

## আজ পরীক্ষা সেন্ট জোসেফে

ইলিয়াস খান



রাজধানীতে এখন আবার শুরু হয়েছে তীব্র ভর্তিযুদ্ধ। এই যুদ্ধে জড়িয়ে পড়েছে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকগণ। নিজের সন্তান-সন্ততিকে ভাল স্কুলে ভর্তি করার জন্য অভিভাবকরা প্রাণান্তকর চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কোচিং সেন্টার, প্রাইভেট টিউটর, স্কুল শিক্ষকের কাছে পড়ানো তো আছেই, তারপরেও চলছে

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## ডিসেম্বর মানেই

(প্রথম পাতার পর)

প্রভাবশালী ব্যক্তিদের কাছে ধর্না। উদ্দেশ্য ভর্তিটা নিশ্চিত করা। এসবের প্রভাব ইতোমধ্যে স্কুলগুলোতে পড়তে শুরু করেছে। ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষ হামিদা আলী বলেছেন, সব স্তর থেকেই আমাদের কাছে তদ্বির আসতে শুরু করেছে।

ডিসেম্বরই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির মাস। এই মাসেই ভর্তি পরীক্ষা নেয়াসহ ভর্তির অন্যান্য সব কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে। বেসরকারী স্কুলের পাশাপাশি রাজধানীর সরকারী চব্বিশটি স্কুলেও এ মাসেই ভর্তি পরীক্ষা নেয়া হয়ে থাকে।

### বেসরকারী স্কুলে ভর্তি

সেন্ট জোসেফ স্কুলে আজ ৩ ডিসেম্বর শুক্রবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই স্কুলে তৃতীয় শ্রেণীতে ১১০ টি আসনে ছাত্র ভর্তি করা হবে।

১১০টি আসনের জন্য আবেদন পড়েছে ৭১৪টি। গত ১ থেকে ১০ নবেম্বর পর্যন্ত ফরম বিতরণ করা হয়।

হলিক্রস স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৮, ১৯ ও ২০ ডিসেম্বর। এই স্কুলে প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে ৫০টি করে মোট ১০০টি আসন রয়েছে। পুরো নবেম্বর মাসে ভর্তির নিয়মাবলী বিতরণ করা হয়েছে, এখনও হচ্ছে। ভিকারুননিসা নূন স্কুলের সিদ্ধেশ্বরী শাখায় প্রথম শ্রেণীতে ৫৫০টি আসনে ভর্তি করা হবে। ধানমণ্ডি শাখায় তৃতীয় থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত মোট আসন রয়েছে ৫৫০টি। গত নবেম্বর মাসের ১ থেকে ৪ তারিখ পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হয়। প্রায় সাড়ে ৪ হাজার ফরম বিক্রি হয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২২, ২৩ ও ২৪ ডিসেম্বর।

আইডিয়াল স্কুলের বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ করা হবে আগামী ২০ ডিসেম্বর। তারপরই শুরু হবে ভর্তি প্রক্রিয়া।

### সরকারী স্কুলে ভর্তি

ঢাকার ২৪টি সরকারী স্কুলে ছাত্রছাত্রী ভর্তির প্রক্রিয়াও চলতি মাসে শুরু হচ্ছে। প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি ফরম বিতরণ হবে ১৮ থেকে ২৩ ডিসেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ডিসেম্বর মাসের ২৬, ২৭ ও ২৮ তারিখে। চলতি বছর প্রতিটি সরকারী-বেসরকারী স্কুলে ৬ষ্ঠ শ্রেণীর মোট আসন সংখ্যা শতকরা ১০ ভাগ সরকারী নীতিমালা অনুসারে স্বতন্ত্র প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণী পাস করা ছাত্রছাত্রীদের মধ্য থেকে পূরণ করতে হবে। পরীক্ষা গ্রহণে সুবিধার জন্য ২৪টি স্কুলকে তিন ভাগে ভাগ করা হয়েছে।

গ্রুপ 'এ' ভুক্ত গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাই স্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৬ ডিসেম্বর।

২৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে গ্রুপ 'বি' ভুক্ত ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা। এগুলো হচ্ছে মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমণ্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়।

২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে গ্রুপ 'সি' ভুক্ত ৮টি স্কুল ধানমণ্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা সরকারী উচ্চ বিদ্যালয় (টিকাটুলী), গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী বালক বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা।

প্রথম থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রেই উত্তর দিতে হবে। চতুর্থ থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা রচনামূলক। উত্তরপত্র স্কুল থেকে সরবরাহ করা হবে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষা হবে দু'টি বিষয়ে মোট নম্বরের। বাংলায় ৫০ ও ইংরেজীতে ৫০।

তৃতীয় থেকে নবম শ্রেণী পর্যন্ত পরীক্ষা হবে তিনটি বিষয়ে। মোট নম্বর ১০০। এর মধ্যে বাংলায় ৩০, ইংরেজীতে ৩০ এবং গণিতে ৪০। প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। ষষ্ঠ থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা বেলা দেড়টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত। ভর্তি পরীক্ষার পর তিন দিনের মধ্যে ফল প্রকাশ করা হবে।

### আট দশটি স্কুলেই ভিড় বেশি

এদিকে রাজধানীতে প্রচুর স্কুল থাকলেও ৮/১০টি স্কুলে ভর্তির জন্যই অভিভাবকদের ভিড়। এর কারণ উদয়ন স্কুলের প্রধান শিক্ষিকা শহীদ জায়া শ্যামলী নাসরিন চৌধুরীর মতে, রাজধানীর অধিকাংশ স্কুলেই ভাল শিক্ষার পরিবেশ নেই। শিক্ষার পরিবেশ, মান নিশ্চিত করা গেলে বিশেষ বিশেষ স্কুলে এত ভিড় হবে না।